# সারাদেশে সহিংসতা-হামলার প্রতিবাদে এনসিপির বিক্ষোভ মিছিল



জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) বিক্ষোভ মিছিল। ছবি: সংগৃহীত

নোয়াখালীর হাতিয়ায় নির্বাচনের পর থেকে সংঘটিত সহিংসতা ও নেতাকর্মী-সমর্থকদের ওপর ধারাবাহিক হামলার প্রতিবাদে রাজধানীতে বিক্ষোভ মিছিল করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)।

শনিবার (১৪ ফেব্রুয়ারি) রাত পৌনে ১২টার দিকে বাংলামোটর কার্যালয় থেকে মিছিলটি শুরু হয়।

মিছিলে প্রায় অর্ধশতাধিক নেতাকর্মী অংশ নেন এবং শাহবাগের দিকে রওনা হন। তারা বিভিন্ন ধরনের স্লোগান দেন, যেমন– "ধর্ষকদের ঠিকানা, এই বাংলায় হবে না", "ধর্ষকদের আস্তানা ভেঙে দাও", "একদিনে ৩ খুন, তারেক জিয়ার অনেক গুণ"।

এ সময় এনসিপির কেন্দ্রীয় নেতা ও মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া সহ অন্যান্য কেন্দ্রীয় নেতৃবৃন্দ মিছিলে উপস্থিত ছিলেন এবং অংশগ্রহণকারীদের নেতৃত্ব দেন।

LENS ASIA